

**প্রশ্ন:** আমি যদি মামলা করতে চাই, আমাকে কি করতে হবে ?

**উত্তর:** মামলা করার জন্য থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বরাবর ঘটনার তারিখ, সময়, স্থান, বিবরণ ও যে কারণে মামলা করতে চান সে বিষয়ে সুস্পষ্ট ও সুনির্দিষ্ট তথ্য দিয়ে লিখিতভাবে দরখাস্ত করতে হবে। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা তদন্ত সাপেক্ষে অথবা প্রয়োজ্য ক্ষেত্রে তদন্ত না করেই সরাসরি মামলা হিসেবে রেকর্ড করবেন।

**প্রশ্ন:** আমি যদি মামলা করতে চাই, তাহলে কত টাকা হবে?

**উত্তর:** মামলা করার জন্য কোন টাকা লাগে না।

**প্রশ্ন:** জিডি করতে হলে কত টাকা লাগে?

**উত্তর:** জিডি করতে কোন টাকা বা ফি লাগে না।

**প্রশ্ন:** থানায় মামলা নিতে চাইলে কি করবো?

**উত্তর:** থানায় কোন কারণে মামলা গ্রহণ করতে না চাইলে এবং মামলা করার উপযুক্ত ভিত্তি থাকলে সরাসরি সংশ্লিষ্ট থানার আমলী আদালতে মামলা করা যাবে।

**প্রশ্ন:** ইভটিজিং এর ঘটনা ঘটলে কিভাবে প্রতিকার পেতে পারি?

**উত্তর:** কোন স্থানে ইভটিজিং এর ঘটনা ঘটলে প্রতিকারের জন্য তাৎক্ষণিক ভাবে থানায় অথবা উপজেলা নির্বাহী অফিসার অথবা সহকারী কমিশনার (ভূমি) এর নিকট জানাতে হবে।

**প্রশ্ন:** মাদক পাচার ও মাদক ব্যবসা বিষয়ে কোথায় জানাতে হবে?

**উত্তর:** মাদক পাচার ও মাদক ব্যবসা বিষয়ে আপনার নিকট কোন তথ্য থাকলে সে বিষয়ে থানায়, মাদক নিয়ন্ত্রণ দপ্তরে অথবা উপজেলা নির্বাহী অফিসারের নিকট জানাতে হবে?

**প্রশ্ন:** কিভাবে বাল্য বিবাহ/ নারী নির্যাতন/ নারীকে উত্তক্ত করা প্রতিরোধ করা যাবে ?

**উত্তর:** এক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অভিযোগ দাখিল করলে তিনি থানার অফিসার ইনচার্জকে সঙ্গে নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।

**প্রশ্ন:** ভেজাল দ্রব্য বা খাবার দ্রব্যে মেডিসিন মেশানো বন্ধ করা যায় কিভাবে ?

**উত্তর:** এক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার থানার অফিসার ইনচার্জকে সঙ্গে নিয়ে বিভিন্ন অভিযান চালিয়ে এধরনের সমস্যা সমাধানের চেষ্টা করতে পারেন।

সাদেকুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

আদমদীঘি, বগুড়া

ফোন: ০৭৪১-৬৯২০০

মোবা: ০১৭৩৩-৩৩৫৪৩৭